রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৭, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

শাখা-৪

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭-৬-১৯৯৪ ইং/১৩-৩-১৪০১ বাং

এস, আর, ও নং ২২৭-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদসংক্রান্ত সকল প্রচলিত বিধিমালা বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা সমবায় বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ ইং নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট;



মূল্য : টাকা ৩·০০

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা কোন পদে নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠান।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি উক্ত পদের জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি:—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি :—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্য স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি :—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(গ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।(—১) কোন স্থায়ী শূণ্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য, শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ —

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তফসিল

[(বিধি ২ (গ) দ্রষ্টব্য)]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপ-সহকারী নিবন্ধক | ৩০ বৎসর | জেলা অডিটরের পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য জেলা অডিটর না পাওয়া গেলে সমন্বিত জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন পরিদর্শক বা মহিলা পরিদর্শক বা প্রশিক্ষক বা ফিল্ড ইনভেষ্টিগেটর বা রিসার্চ ইনভেষ্টিগেটর হইতে পদোন্নতির মাধ্যমে। | |
| ২ | থানা সমবায় অফিসার | .. | ঐ | |
| ৩ | শাখা প্রধান/প্রশাসনিক কর্মকর্তা। | .. | পদোন্নতির মাধ্যমে। | প্রধান সহকারী (সদর) বা ষ্টেনোগ্রাফার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>অথবা<br>প্রধান সহকারী (বিভাগ/জেলা) বা উচ্চমান সহকারী পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী। |
| ৪ | ফিজিক্যাল ইনষ্ট্রাক্টর-কাম-প্রটোকল অফিসার (কলেজ)। | .. | সরাসরি নিয়োগের মাধ্যমে। | শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | গবেষণা সহকারী (কলেজ) | ১০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পরিসংখ্যান, সমাজকল্যাণ বা সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | প্রশাসনিক কর্মকর্তা-কাম-হোষ্টেল সুপারিনটেনডেন্ট। | ঐ | ঐ | স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭ | এ্যাডিটর (Editor) | ঐ | ঐ | জার্নালিজমে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | হিসাব রক্ষণ কর্মকর্তা (কলেজ) | ঐ | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি-যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি :<br>হিসাবরক্ষণ কর্মকর্তা (সদর) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ :<br>বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯ | হিসাবরক্ষণ কর্মকর্তা (সদর) | ঐ | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি-যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি :<br>সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ :<br>বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রী। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ১০ জেলা অডিটর | | পদোন্নতির মাধ্যমে। | পরিদর্শক, মহিলা পরিদর্শক, ফিল্ড ইনভেষ্টিগেটর এবং রিসার্চ ইনভেষ্টিগেটর পদে বা পদসমূহে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১১ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: হিসাব রক্ষক (সদর) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ: বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২ পরিদর্শক | ঐ | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: সহকারী পরিদর্শক/মহিলা সহকারী পরিদর্শক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ: দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৩। মহিলা পরিদর্শক | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: মহিলা সহকারী পরিদর্শক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ: দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | প্রশিক্ষক | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি : সহকারী পরিদর্শক বা মহিলা সহকারী পরিদর্শক বা সহকারী প্রশিক্ষক বা সহকারী প্রশিক্ষক বা ম্যানেজার(মাসিক সমবায় পত্রিকা) বা গ্রন্থাগারিক(সমবায় কলেজ) বা বাংলা অনুবাদক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ : দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৫। | ফিল্ড ইনভেষ্টিগেটর | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | পরিসংখ্যান বা অর্থনীতিতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৬। | রিসার্চ ইনভেষ্টিগেটর | .. | পদোন্নতির মাধ্যমে। | টেবুলেটর বা কমপিউটর পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ১৭। | গ্রাফিক ডিজাইনার/আর্টিষ্ট | ঐ | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি : আর্টিষ্ট-কাম-ড্রাফটস্ম্যান পদে৫(পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ : সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ)বৎসরের অভিজ্ঞতা সহ চারুকলা মহাবিদ্যালয় হইতে ডিপ্লোমা। |
| ১৮। | প্রধান সহকারী (সদর) | .. | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী (বিভাগ/জেলা) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | ষ্টেনোগ্রাফার | .. | "সাঁটলিপিকার ও সাঁটমুদ্রাক্ষরিক (মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৭৮ (সংশোধনীসহ) অনুসারে"। | |
| ২০ | টেক্সটাইল ডিজাইনার | | তাঁত বিশেষজ্ঞ হইতে বদলীর মাধ্যমে। | |
| ২১ | বাংলা অনুবাদক | ৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী |
| ২২ | ফটোগ্রাফার | ঐ | ঐ | সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা-সহ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩ | আর্টিষ্ট-কাম-ড্রাফটস্‌ম্যান | ঐ | ঐ | সংশ্লিষ্ট বিষয়ে চারুকলা মহা-বিদ্যালয় হইতে ডিপ্লোমা। |
| ২৪ | ম্যানেজার (মাসিক সঞ্চয় পত্রিকা)। | ঐ | ঐ | সাংবাদিকতায় ২ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। |
| ২৫ | টেবুলেটর/কম্পিউটার | ঐ | ঐ | গণিত অথবা পরিসংখ্যান-এ স্নাতক ডিগ্রী। |
| ২৬ | সহকারী পরিদর্শক | ঐ | ২০% পদোন্নতি মাধ্যমে এবং ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি : সমবায় অধিদপ্তরের (মফস্বলসহ) নিম্নমান সহকারী বা মুদ্রাক্ষরিক বা হিসাব রক্ষক বা ক্যাশিয়ার পদে বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ : স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৭ | মহিলা সহকারী পরিদর্শক | ঐ | ঐ | ঐ |
| ২৮ | সহকারী প্রশিক্ষক | ঐ | ঐ | ঐ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯ | তাঁত বিশেষজ্ঞ | ৩০ বৎসর | ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৫০% পদোন্নতির মাধ্যমে। | সরাসরি নিয়োগ: স্বীকৃত টেক্সটাইল ইনিষ্টিটিউট হইতে টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা।<br>পদোন্নতি: তাঁত সুপারভাইজার পদে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৩০ | গ্রন্থাগারিক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। |
| ৩১ | প্রধান সহকারী | .. | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও কলেজ) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী অথবা এল-ডি-কাম-টাইপিষ্ট বা ক্যাশিয়ার বা হিসাব সহকারী, টাইপিষ্ট-কাম-ক্লার্ক, ডেসপাচার পদে বা পদসমূহে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৩২ | উচ্চমান সহকারী | .. | পদোন্নতির মাধ্যমে। | (এল-ডি-কাম)টাইপিষ্ট বা টাইপিষ্ট-কাম-ক্লার্ক পদে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৩৩ | হিসাব রক্ষক (সদর) | .. | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও কলেজ) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৩৪ | ষ্টেনোটাইপিষ্ট | .. | সাঁটলিপিকার ও সাঁটমুদ্রাক্ষরিক (মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত অধিদপ্তর) "অনুসারে"। | নিয়োগ বিধি, ১৯৭৮ (সংশোধনীসহ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫ | ইলেকট্রিশিয়ান-কাম-মিটার রিডার। | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে সার্টিফিকেট। |
| ৩৬ | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও কলেজ) | | পদোন্নতির মাধ্যমে | হিসাব সহকারী বা ক্যাশিয়ার বা এল-ডিএ-কাম-টাইপিষ্ট বা টাইপিষ্ট-কাম-ক্লার্ক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৭ | ড্রাইভার/ক্লিনভ্যান ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাসসহ হালকা ও ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স। |
| ৩৮ | তাঁত সুপারভাইজার | ঐ | ঐ | সহকারী বয়ন স্কুল বা স্বীকৃত টেক্স-টাইল ইনষ্টিটিউট হইতে কারিগরী কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯ | গ্রন্থাগারিক (সমবায় বিভাগ) | ঐ | ঐ | উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট। |
| ৪০ | প্রুফরীডার | ঐ | ঐ | উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪১ | ফিল্ম অপারেটর | | পদোন্নতির মাধ্যমে | সহকারী ফিল্ম অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪২ | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাণিজ্যে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪৩ | ক্যাশিয়ার | ঐ | ঐ | ঐ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪ | এল-ডি-কাম-টাইপিষ্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | "নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ডেসপাচ রাইডার, ড্রাইভার ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫" "অনুসারে"। |
| ৪৫ | ডেসপাচার | ঐ | ঐ | ঐ |
| ৪৬ | টাইপিষ্ট-কাম-ক্লার্ক | ঐ | ঐ | ঐ |
| ৪৭ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ঐ | ঐ | ঐ |
| ৪৮ | ক্যাশ সরকার | ঐ | পদোন্নতির মাধ্যমে | দপ্তরী পদে ৫ (পাচ) বৎসরের চাকুরী বা এম, এল, এস, এস, পদে ১০ (দশ) বৎসরের চাকুরী বা দপ্তরী ও এম, এল, এস, এস, পদসমূহে ১০ বৎসরের চাকুরী। |
| ৪৯ | ডার্করুম এ্যাসিসটেন্ট | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | ফটোগ্রাফিক ফিল্ম প্রসেসিং ও প্রিন্টিং কাজে অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫০ | সহকারী ফিল্ম অপারেটর | ঐ | ঐ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। তবে প্রজেক্টর বা জেনারেটর চালানোর কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫১ | দপ্তরী] | | | "নিম্নমান সহকারী -কাম-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ-রাইডার ও এম. এল, এস, এস (মন্ত্রণালয়,বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫" "অনুসারে"। |
| ৫২ | কুক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে ] | রান্না ও পরিবেশন অভিজ্ঞতাসহ অ ম শ্রেণী পাস , |
| ৫৩ | মেটস্‌ | ঐ | ঐ | ঐ |
| ৫৪ | নৈশ প্রহরী] | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস । তবে শারিরীক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে । |
| ৫৫ | ম্যাসেঞ্জার | ঐ | ঐ | ঐ |
| ৫৬ | সাধারণ কর্মচারী/এম,এল,এস,এস | | "নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক-প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস, (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্তি অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ "অনুসারে"। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ডঃ ক্ষনদা মোহন দাশ)
যুগ্ম-সচিব (প্রশাসন)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী আফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।